গাংনীর ধলাক্যাম্পে বিট পুলিশিং এর উদ্বোধন

“বিট পুলিশিং বাড়ি বাড়ি নিরাপদ সমাজ গড়ি” “আপনার পুলিশ আপনার পাশে,” “তথ্য দিন সেবা নিন” এই স্লোগান সামনে রেখে গাংনীর ধলা ক্যাম্পে বিট পুলিশিং এর উদ্বোধন করা হয়।

আজ শনিবার সকাল সাড়ে দশটার দিকে ধলা ক্যাম্পে বিট পুলিশিং এর উদ্বোধন করা হয়।

ধলা ক্যাম্পের এস আই আসাদুজ্জামান সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী থানার অফিসার্স ইনচার্জ ওবায়দুর রহমান।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম।

অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, কাথুলী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাথুলী ইউনিয়ন আওয়ামী লীগ সভাপতি গোলজার হোসেন, সেক্রেটারি মোজাম্মেল হোসেন।

উক্ত অনুষ্ঠানে ৬ সদস্য বিশিষ্ট বিট পুলিশিং কমিটি গঠন করেন। যা ধলা ক্যাম্পের এস আই আসাদুজ্জামান কে প্রধান করে জাহিদ হোসেন এ এস আই, আক্কাস আলী নায়েক, রাজু আহম্মেদ কনস্টেবল, কাওছার আলী কনস্টেবল, শুকুর আলী কনস্টেবল কে কমিটি নিযুক্ত করেন।

এবং গাংনী থানার অফিসার্স ইনচার্জ ওবায়দুর রহমান বিট পুলিশিং কি এবং কেন এই বিট পুলিশিং কমিটি গঠন করা হলো তা বিস্তারিত জানান।

এ বিষয়ে কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা জানান বিট পুলিশিং এখন জনগনের বাড়ি বাড়ি যেয়ে পুলিশের সেবা নিশ্চিত করবেন। এবং আমরা সকলেই কৃষি পরিবারের সন্তান তাই আমাদের ছোট খাটো সমস্যা নিয়েও এখান থেকে ২০ কিলোমিটার দূরে থানায় যেতে হতো এখন থেকে আমাদের যাতেকরে ছোট খাটো এই সমস্যা নিয়ে থানায় যেতে না হয় তার জন্য এই বিট পুলিশিং এর ব্যাবস্থা করেছেন।

এ বিষয়ে ধলা ক্যাম্পের এস আই জানান আমরা আপনাদের পাশে সবসময় তবে আপনাদেরও আমাদের সহযোগিতা করতে হবে এবং বিট পুলিশিং সম্পর্কে

গাংনীর তেরাইলে রাস্তার বেহাল দশা, পরিষ্কার করল তরুণরা

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল কুঠিপাড়ার তরুণ সমাজের উদ্যোগে ২ কিলোমিটার রাস্তা পরিষ্কার করা হয়েছে। যাতায়াতের রাস্তার অচল অবস্থা দেখে নিজেদের যাতায়াতের রাস্তার কাদা নিজেরাই পরিষ্কার করেছে।

এ বিষয়ে রাকিবুল ইসলাম রকি জানান, তেরাইল কুঠিপাড়ার রাস্তা দিয়ে ১০০০ একর জমির ফসল উত্তোলন করা হয়। এর ফলে রাস্তার বিভিন্ন জায়গায় বড় বড় গর্তের সৃষ্টি হয়। বড় বড় গর্তের ফলে ভ্যান, অটোরিকশা সহ বিভিন্ন যানবাহন চলাচল করতে পারে না।

হাসিবুল ইসলাম বলেন, তেরাইল কুঠিপাড়া এক হাজার মানুষের যাতায়াত এই রাস্তা দিয়ে।

তেরাইল কুঠিপাড়ার রাজ্জাক হোসেন বলেন, ১০ বছর আগে এই হেয়ারিং রাস্তা হয়েছিল পরবর্তীতে আর রাস্তা মেরামত করা হয় নি। এই রাস্তা দিয়ে ফসল তুলতে আমাদের অনেক ভোগান্তি হয়। আমরা খুবই কষ্টের মধ্যে যাতায়াত করছি। তাই আমাদের আকুল আবেন মাননীয় এমপি ও চেয়ারম্যান মহোদয়ের কাছে যেন দ্রুত আমাদের রাস্তাটা মেরামত করেন এবং এই কঠিন জনদুর্ভোগ থেকে মুক্তি দিবেন।

তেরাইল কুঠিপাড়ার সেচ্ছাসেবক হামিদুল ইসলাম বলেন, আমাদের পাড়ায় ১ হাজার মানুষের বসবাস রাস্তাটা অনেকদিন ধরে চলাললের অনউপযোগী। রাস্তায় চলতে আমাদের খুব কষ্ট হয়। আমরা চায় দ্রুত রাস্তায় সংষ্কার করা দরকার।

উল্লেখ্য যে, গত ১ মাসে ৯ জন সড়ক দুর্ঘটনায় স্বীকার হয়েছে এই রাস্তায়।

[redacted]

[redacted]

[redacted]

রিপাবলিকে ক্রিকেট খেলা শুরু। আমি যেখানে চাকরি করতাম সেখানের এক পাকিস্তানি সহকর্মী আমার ক্রিকেট খেলতে পারার কথা জানতে পেরে লিগে খেলার জন্য নিয়ে যান। সম্ভবত ২০১৯-এর এপ্রিলের মাঝামাঝি চেক রিপাবলিকের দ্বিতীয় বিভাগের টুর্নামেন্টের একটা ম্যাচ দিয়ে আমার খেলা শুরু হয়। দ্বিতীয় বিভাগের লিগে চ্যাম্পিয়ন হয়ে উত্তীর্ণ হয়ে প্রথম বিভাগে খেলার যোগ্যতা অর্জন করি। এখানেও আমরা প্রথমবারের মত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করি। তারপর থেকেই অনেকটা নিয়মিত ক্রিকেট খেলছি।

তিনি বলেন, চেক রিপাবলিক ২০০৮ সাল থেকে ক্রিকেট খেলছে। এবারই একটু ভালো মতো প্রস্তুতি নিয়ে টি-টোয়েন্টি বিশ্বকাপের বাছাই পর্ব খেলতে নামছে। তার আগে আগামী এপ্রিলের ২৬ তারিখ থেকে শুরু হবে ন্যাশনাল লিগের খেলা। তারপরে জুনে বিশ্বকাপের বাছাই পর্বে অংশ নেবে চেক রিপাবলিক জাতীয় ক্রিকেট দল। আশা করছি, এই বাছাই পর্বের ম্যাচেই অভিষেক হবে। তার কাছ থেকে জানা যায়, চেক রিপাবলিকের ক্রিকেট দলের আসন্ন ম্যাচগুলোর মধ্যে রয়েছে আগামী ৮ জুন ২০২০ মেন্স টি-টোয়েন্টি ওয়ার্ল্ড কাপ ইউরোপিয়ান কোয়ালিফায়ার। আয়োজনে বেলজিয়াম এবং মে ২০২০ মেলবোর্ন ক্রিকেট ক্লাবের সঙ্গে প্রীতি ম্যাচ, যা অনুষ্ঠিত হবে ডেনমার্কে।

ক্রিকেটার হিসেবে নিজের লক্ষ্যের বিষয়ে সুহাস বলেন, ছোটবেলা থেকেই স্বপ্ন ছিল ভালো ক্রিকেটার হওয়ার। ২০০৯ সালে পড়াশোনার জন্য লন্ডনে চলে আসি। এরপর পড়াশোনার সাথে চাকরি করা, সব মিলিয়ে ক্রিকেটে খুব একটা সময় দেওয়া হচ্ছিল না। তারপরেও ছোটবেলার স্বপ্নকে সঙ্গী করে ইংল্যান্ডের আন্তঃবিশ্ববিদ্যালয় পর্যায়ে ক্রিকেট খেলেছি। সেখানে সফলতা পেলেও পড়াশোনা আর চাকরির ব্যস্ততায় ক্রিকেটটা চালিয়ে নিতে পারিনি। তবে, ভালো কোথাও খেলার আশা ছেড়ে দিইনি। পরবর্তীতে ২০১৬ সালের শেষের দিকে ইংল্যান্ড থেকে চেক রিপাবলিকে চলে আসি। এখানে গ্রীণকার্ড পাওয়ার পরে খেলার সুযোগ হয়। তারপরেই জাতীয় টিমের হয়ে খেলার জন্য আনুষ্ঠানিকভাবে সুযোগ পেয়েছি। এখন লক্ষ্য চেকের ক্রিকেটকে আরো অনেক দূর নিয়ে যাওয়া এবং ব্যাট ও বল হাতে নিয়মিত ভালো পারফরম্যান্স করা।

চেক রিপাবলিকের জন্য ভালো খেলার ইচ্ছা থাকলেও সুহাসের স্বপ্ন বাংলাদেশ জাতীয় দলের হয়ে খেলার। এ বিষয়ে তিনি বলেন, যে কোনো দেশের জাতীয় দলের হয়ে খেলাটায় একটা স্বপ্নের মত ব্যাপার। বাংলাদেশের হয়ে খেলাটা তো আমার আজন্মের স্বপ্ন। কখনও যদি

বাংলাদেশের হয়ে সুযোগ পাই, অবশ্যই খেলবো। মাতৃভূমির হয়ে খেলতে পারাটা হবে আমার জন্য পরম সৌভাগ্যের এবং গৌরবের।

সুহাসের বড় ভাই সমকালের সাহিত্য সাংবাদিক হাসনাত শাহিন বলেন, সুহাস ছোটবেলা থেকেই ক্রিকেটের প্রতি আসক্ত ছিল। সে ইউরোপের একটি দেশের জাতীয় দলে খেলার সুযোগ পেয়েছে এটা মেহেরপুরের জন্য গর্বের বিষয়। সকলের কাছে তার জন্য দোয়া চেয়ে শাহিন আরও বলেন, বড় ভাই হিসেবে আমার একটায় চাওয়া সে যেনো আরও এগিয়ে যায়।

মেহেরপুরের ক্রিয়া সংগঠক ও প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন বলেন, মেহেরপুর জেলার ক্রিয়াঙ্গনের অচলাবস্থার মধ্যেও সুহাসের আন্তর্জাতিক অর্জণ মেহেরপুরবাসীকে গর্বিত করেছে। তার জন্য শুভকামনা।

মেপ্র/এমএফআর

অচিরেই মুজিবনগর কে মাদক মুক্ত ঘোষনা করব- ওসি হাসেম

“বিট পুলিশিং বাড়ি বাড়ি নিরাপদ সমাজ গড়ি” “আপনার পুলিশ আপনার পাশে,” “তথ্য দিন সেবা নিন” এই স্লোগান সামনে রেখে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের রতনপুরে বিট পুলিশিং কার্যকমের উদ্ভোধন করা হয়েছে।

পুলিশ সুপার এস এম মুরাদ আলীর নির্দেশে আজ শনিবার বেলা সাড়ে এগারোটার দিকে মুজিবনগরের রতনপুর আইসি ক্যাম্প প্রাঙ্গনে রতনপুর বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করা হয়।
অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে উপস্থিত জনগনের সামনে মুজিবনগর থানা ইনচার্জ (ওসি) আব্দুল হাশেম বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স ঘোষনা করেছেন। তাই মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেনে নির্দেশে মুজিবনগর উপজেলাকে মাদকমুক্ত করতে মুজিবনগর পুলিশ কাজ করে যাচ্ছে।

তিনি বলেন, হয় মাদক ছাড়তে হবে না হয় এলাকা ছাড়তে হবে, না হয় জেলে যেতে হবে মাদক ব্যবস্যায়ী, মাদক সেবন কারিদের মুজিবনগর উপজেলায় কোন স্থান হবে না।

তিনি আরো বলেন, মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ চুরি ডাকাতি সহ সব ধরনের অপরাধ দমনে এবং জনগণের জানমাল রক্ষার্থে মুজিবনগর থানা পুলিশ দিন রাত কাজ করে যাচ্ছে, পুলিশের নিজস্ব সোর্স আছে কিন্তু পুলিশের সব থেকে বড় সোর্স হলো মুজিবনগর উপজেলার সাধারন জনগণ।

জনগণের সঠিক তথ্যের উপর ভিত্তি করেই পুলিশ কাজ করে যাবে। আপনাদের এলাকার যে কোন মাদক ব্যবসায়ী, মাদক সেবনকারি, সন্ত্রাসি, চাঁদাবাজ, জঙ্গীবাদের সাথে জড়িত ব্যক্তিদের সঠিক তথ্য পুলিশকে দেবেন মুজিবনগর থানা পুলিশ সব সময় আপনাদের সাথে আছে।

তিনি বলেন, আপনাদের সহযোগীতা পেলে মেহেরপুর জেলার মধ্যে আমরাই সর্বপ্রথম মুজিবনগর উপজেলাকে মাদকমুক্ত করবো ইনশাল্লাহ।

বিট পুলিশিং এর বিষয়ে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বলেন, একটা এলাকা নিয়ে একটি থানা গঠিত হয়। সাধারন জনগণকে যে কোন ধরনের সেবা নিতে কষ্ট করে থানায় যেতে হয়। আর যেন কাউকে থানায় যেতে না হয় তাই সকলের দার গোড়ায় পুলিশি সেবা পৌছে দিতে আমরা উপজেলার প্রতিটি ইউনিয়নে বিট পুলিশিং এর গঠন করা হয়েছে।

তিনি আরো বলেন, প্রত্যেকটি বিটে এক জন এসআই একজন এএসআই এবং দুজন কনষ্টেবল আপনাদের সেবাই নিয়জিত থাকবে পুলিশ সব সময় সাধারন জনগণের পাশে রয়েছে আগামীতেও থাকবে।

রতনপুর বিট পুলিশিং উদ্বোধনী অনুষ্ঠানে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেমের সভাপতিত্বে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মুজিবনগর টুরিষ্ট পুলিশের এস আই রেজাউল করিম, রতনপুর আইসি ক্যাম্প এর ইনচার্য এস আই আজম বিশ্বাস, উপস্থিত থেকে ও বক্তব্য রাখেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান আনারুল ইসলাম, বাগোয়ান ইউপি যুবলীগের সভাপতি আজিজুর রহমান মুংলা, সাধারণ সম্পাদক বাবুল মল্লিক, ইউনিয়ন পরিষদ সদস্য ফেরদৌস আলী মেন্তা, সংকর বিশ্বাস।

অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন, বাগোয়ান মাধ্যমিক বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক মোবারক হোসেন।

পরে মুজিবনগর থানা ইনচার্য (ওসি) আব্দুল হাশেম ফিতা কেটে বিট পুলিশিং এর উদ্বোধন করে।

উল্যেখ্য, মুজিবনগর উপজেলার চার ইউনিয়েনে মোট ৫ টি বিট পুলিশিং অফিস চালু করা হবে।

যার মধ্যে দারিয়াপুর, মোনাখালি ও মহাজনপুরে ৩ টি বিট পুলিশিং কার্যকমের এর উদ্বোধন করা হয়েছে, আজ শনিবার বাগোয়ান ইউনিয়নের রতনপুর বিট পুলিশিং এর উদ্ভোধন করা হল।

নতুন দল গড়বেন ভিপি নুর, স্লোগান ‘জনতার অধিকার, আমাদের অঙ্গীকার’

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভিপি নুরুল হক নুর রাজনৈতিক দল গড়বেন বলে জানিয়েছেন। দলের স্লোগান হবে ‘জনতার অধিকার, আমাদের অঙ্গীকার’। এছাড়া এ দলের হয়ে তিনি ঢাকা-১৮ আসনের উপনির্বাচনে প্রার্থী হওয়ারও আগ্রহ প্রকাশ করেছেন। শুক্রবার রাতে সাংবাদিকদের কে নুর এসব তথ্য জানান।

এ সময় তিনি বলেন, আমাদের নেতাকর্মীদের মধ্যে এটা (নির্বাচন) নিয়ে ইতিমধ্যে আলোচনা হয়েছে। সেখানে অনেকেই ইতিবাচক সাড়া দিয়েছেন।

নির্বাচনে অংশ নিতে আপনার ইচ্ছে আছে কিনা এমন প্রশ্নের উত্তরে নুরুল হক নুর বলেন, আমরা আন্দোলন করছি মানুষের অধিকার আদায়ের জন্য। আমি মনে করি, জনগণ দীর্ঘদিন থেকে ভোটাধিকার থেকে বঞ্চিত। এই অবস্থার পরিত্রাণের জন্য নির্বাচনের দরকার এবং ভোট কেন্দ্র থেকেই প্রতিরোধ করতে হবে। জনগণকে যদি ভোট কেন্দ্রে নেওয়া যায় সেক্ষেত্রে ভোটাধিকার ফিরিয়ে আনার জন্য একটি বিপ্লব বা প্রতিরোধ ঘটানো যেতে পারে।

তিনি আরও বলেন, আমরা যদি নির্বাচনে অংশ নেই তাহলে লক্ষ্য একটাই হবে, জনগণের এই ভোটাধিকার ফিরিয়ে দেওয়া, ভোটকেন্দ্র থেকে

জনগণের প্রতিরোধ গড়ে তোলা। এই ভাবনা থেকেই আমরা চিন্তা করছি যে ঢাকার দুটি আসন (ঢাকা-৫ ও ঢাকা-১৮) থেকে নির্বাচেন অংশ নেওয়া।

আপনি কোন আসন থেকে নির্বাচন করতে চান এমন প্রশ্নের জবাবে ভিপি নুর বলেন, যেহেতু এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি, যদি অংশ নেই সেক্ষেত্রে – আমি উত্তরাতে দীর্ঘসময় থেকেছি। ওই অঞ্চলে আমার পরিচিতিও আছে, সেই দিক থেকে যদি নির্বাচনে অংশ নেই সেটা ঢাকা-১৮ থেকে।

উল্লেখ্য, বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য এবং সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী অ্যাডভোকেট সাহারা খাতুন ছিলেন ঢাকা-১৮ আসনের সাংসদ। তিনি জ্বর, অ্যালার্জিসহ বার্ধক্যজনিত বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় গত ৯ জুলাই রাতে থাইল্যান্ডের একটি হাসপাতালে মারা গেলে আসনটি শূন্য হয়।

সূত্র- বিডি প্রতিদিন

গাংনীতে আলোচিত ১৫ লাখ টাকার সুরাহা হয়নি সালিশেও

নানা জল্পনা কল্পনার অবসান ঘটিয়ে অবশেষে গাংনী পৌর মেয়র আশরাফুর ইসলামের বিরুদ্ধে ১৫ লাখ টাকা ঘুষ নেওয়ার অভিযোগের সালিস শুরু হয়েছে ।

শুক্রবার সন্ধ্যায় থানা চত্তরে গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক ও গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান সহ গন্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে এ বিচার কাজ (সালিস) শুরু হয়।

এসময় পৌর মেয়র আশরাফুল ইসলাম,গাংনী থানার সেকেন্ড অফিসার আহসান হাবিব,এস আই আব্দুল হান্নান,সাবেক এমপি মো: মকবুল হোসেনের একান্ত সহকারী সাহিদুজ্জামান শিপু,পৌর কাউন্সিলর মিজানুর রহমান,সাহিদুল ইসলাম,এনামুল হক,শ্রমিক নেতা মনিরুজ্জামান মনি,অভিযোগকারী মৌমিতা খাতুন পলি,তার মা বাবা সহ বিভিন্ন

শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

প্রথমে মৌমিতা খাতুন পলি তার অভিযোগ উপস্থাপনকালে বলেন, গাংনী পৌরসভায় সহকারী কর আদায়কারী পদে নিয়োগের জন্য পৌর মেয়র আশরাফুল ইসলামের সাথে ১৫ লাখ টাকায় চুক্তি হয়। জামি-জমা বন্ধক রেখে ও ধারদেনা করে চুক্তি মোতাবেক গত ২০১৮ সালের ২৪ জানুয়ারী ইসলামী ব্যাংক মেহেরপুর শাখায় মেয়র আশরাফুল ইসলামের স্ত্রী জেলা পরিষদ সদস্য সাহানা ইসলাম শান্তনার ৬৪৫৪ নম্বর (হিসাবে) একাউন্টে ৫ লাখ ৭০ হাজার,২৫ জানুয়ারী ৫০ হাজার, ৫ ফেব্রুয়ারী ১ লাখ ৯০ হাজার জমা ও বাকী টাকা নগদ দেয়া হয়।

২০১৮ সালের ১৯ মে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হলেও আমাকে নিয়োগ না দিয়ে অন্য একজনকে সহকারী কর আদায়কারী পদে নিয়োগ দেন। টাকা ফেরত চেয়ে বারবার তাগাদা দিলেও কোন কর্নপাত না করে মারধর ও হুমকি দেয়।

পৌর মেয়র আশরাফুল ইসলাম বলেন, মৌমিতা খাতুন পলির স্বামী মোমিন স্বাক্ষর করে ৭ লাখ ও বিভিন্ন সময়ে বাকী টাকা মৌমিতা খাতুন পলি নিয়েছে। তারা কোন টাকা পাবেনা। এসময় উভয় পক্ষের বাকবিতন্ডার সৃষ্টি হয়। পরে গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমানের হস্তক্ষেপে পরিবেশ শান্ত হয়।

মৌমিতা খাতুন পলির স্বামী টাকা নিয়েছে কিনা এ বিষয়ে নিশ্চিত হতে গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক ও গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান মোমিনের মোবাইল ফোনে জানান তিনি কোন টাকা ফেরত নেননি।

পৌর কাউন্সিলর সাহিদুল ইসলাম বলেন, মৌমিতা খাতুন পলি চাকুরীর জন্য ৮ লাখ টাকা দিয়েছে এটা পৌর পরিষদের সকলেই জানে। বাকী ২ লাখ টাকা না দেওয়ার কারনে চাকুরী হয়নি।

গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন,মেয়র একবার বলছে জমির জন্য টাকা নিয়েছি। আরেকবার বলছে চাকরীর বিষয়ে কোন লেনদেন হয়নি। নিদৃষ্ট করে বলতে হবে কি কারনে টাকা নেয়া হয়েছে। কাউন্সিলর সাহিদুল ইসলামের কথায় প্রমান হয় চাকুরীর জন্য টাকা নেয়া হয়েছে।

সালিস বৈঠক চলার শেষ মুহুর্তে গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন, মৌমিতা খাতুন পলির স্বামী মোমিন যদি স্বাক্ষর করে টাকা নিয়ে থাকে বা স্বাক্ষরে মিল থাকে তাহলে অভিযোগকারী মৌমিতা

খাতুন পলিকে টাকা দেয়া হবেনা। আর যদি স্বাক্ষর জাল হয় কিংবা স্বাক্ষর না মেলে তাহলে মেয়র আশরাফুল ইসলাম অভিযোগকারী মৌমিতা খাতুন পলিকে ১৫ লাখ টাকাই দিরেত হবে। এই কথার প্রতি সকলেই সমর্থন জানান।

এ কথার প্রেক্ষিতে মেয়র আশরাফুল ইসলাম বলেন,আমি তো ৫০ প্রকার স্বাক্ষর করতে পারি। তাই মোমিনের স্বাক্ষর না মিলতেই পারে। সে টাকা নেওয়ার সময় ভুল স্বাক্ষর করতে পারে।

গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক বলেন প্রয়োজনে মোমিনের স্বাক্ষর পরীক্ষা নিরিক্ষা করা হবে। সবশেষে মোমিন ছুটিতে বাড়িতে আসলে তারপর সালিস বৈঠক আবার বসবে বলে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

উল্লেখ্য: বৃহস্পতিবার দুপুর ১২টা থেকে গাংনী পৌর মেয়র আশরাফুর ইসলামের বিরুদ্ধে চাকরীর প্রলোভন দেখিয়ে ১৫ লাখ টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে শহীদ মিনারে আমরন অনশন শুরু করে শিশিরপাড়া গ্রামের মৌমিতা খাতুন পলি। পরে গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান ও কাউন্সিলর মিজানুর রহমান সহ গন্যমান্য ব্যক্তিবর্গ শুক্রবার সন্ধ্যায় বিষয়টি বসে সুরহা করার আশ্বাস দিলে রাত ১০ টায় অনশন ভেঙ্গে বাড়ি যান।

মেহেরপুরে মানবেতর জীবন কাটছে শিক্ষক-কর্মচারীদের

বন্ধ স্কুল, কবে খুলবে জানা নেই। শিক্ষার্থী নেই, তাই বেতনও নেই শিক্ষকদের। করোনা দুর্যোগের কারণে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি কিন্ডারগার্টেন স্কুল বন্ধ থাকায় চরম বিপাকে পড়েছেন মেহেরপুর জেলার ৮ শতাধিক শিক্ষক কর্মচারী। এসব শিক্ষক কর্মচারীদের পরিবারে চলছে নীরব দুর্ভিক্ষ।

শিক্ষার্থীদের বেতনের টাকায় চলা এসব শিক্ষকদের সহায়তায় কেউ এগিয়ে না আসায় পরিবার পরিজন নিয়ে চরম বিপাকে পড়েছেন তারা। ফলে তাদের মানবেতর জীবনযাপন করতে হচ্ছে। সরকারী সহায়তা বলতে পেয়েছেন এ

পর্যন্ত ১০ কেজি চাল।

মেহেরপুর জেলা কিন্ডারগার্টেন স্কুল সমিতির সভাপতি সিরাজুল ইসলাম জানান, জেলায় সমিতি ভুক্ত ৬০ স্কুল রয়েছে এছাড়া সমিতির বাইরেও বেশ কিছু শিক্ষা প্রতিষ্টান রয়েছে। এ শিক্ষা প্রতিষ্ঠানগুলো শিক্ষার্থীদের বেতনের টাকায় পরিচালিত হয়। সেই টাকায় শিক্ষক কর্মচারীরা বেতন-ভাতা পেয়ে থাকেন। সামান্য বেতন ভাতা দিয়ে চলতো শিক্ষকদের জীবন যাপন।

কিন্তু প্রতিষ্ঠানগুলো বন্ধ থাকায় শিক্ষার্থীদের বেতন বন্ধ রয়েছে। ফলে কোনোদিক দিয়েও তারা উপার্জন করতে পারছে না। চক্ষু লজ্জার ভয়ে এসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা লাইনে দাঁড়িয়ে ত্রাণ নিতেও পারছেন না। পারছেন না মুখ ফুটে কাউকে কিছু বলতে। সব মিলিয়ে তারা মানবেতর জীবন যাপন করছে।

নাম প্রকাশ না করার শর্তে গাংনীর কয়েকজন শিক্ষক বলেন, কেজি স্কুলের শিক্ষকতা আর প্রাইভেট পড়িয়ে কোনোরকম পরিবার নিয়ে চলতাম। করোনার কারনে স্কুল বন্ধ বেতন ভাতা ও প্রাইভেট পড়ানোও বন্ধ একারনে পরিবার পরিজন নিয়ে চরম বিপাকে রয়েছি। পেটে ভাত না থাকলেও সম্মানের ভয়ে কোথা থেকে ত্রাণ নিতেও পারেন না। অনাহারে অর্ধহারে চলছে শিক্ষক কর্মচারীদের জীবন। ধারদেনায় জর্জরিত তাই সরকারের পক্ষ থেকে শিক্ষক-কর্মচারীদের প্রণোদনার ব্যবস্থার দাবি জানান তারা।

নাম প্রকাশ না করার শর্তে কয়েকজন কিন্ডারগার্টেন স্কুলে সভাপতি বলেন,ঘরভাড়ার জন্য বাড়ির মালিকরা চাপ দিচ্ছে। চেয়ার টবিল বেঞ্চে উইপোকা ধরেছে। আর অভাব অনটন গ্রাস করছে গোটা শিক্ষক কর্মচারীদের পরিবার গুলোকে। আবার কবে যে বিদ্যালয় গুলো শিক্ষার্থীদের পাদভারে মুখর হবে সেই অপেক্ষায় শিক্ষক শিক্ষার্থীরা।

গাংনীতে নিম্নমানের সামগ্রী দিয়ে স্কুল ভবন নির্মাণের অভিযোগ

নিম্ন মানের সামগ্রী ব্যবহার করার অভিযোগে মেহেরপুরের গাংনীর কাজিপুর মাধ্যমিক বিদ্যালয় ভবন নির্মান কাজ বন্ধ করে দিয়েছে এলাকাবাসি।

বৃহস্পতিবার দুপুর ৩ টার পর থেকে নির্মান কাজ বন্ধ করে দেয় তারা। এ ঘটনায় নিরব থাকায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রকৌশলীর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি করেছে তারা। এদিকে শুক্রবার সকালে আবারো নির্মাান কাজ শুরু করার চেষ্টা করলে বিক্ষুদ্ধ হয়ে উঠে এলাকাবাসি।

মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী সুব্রত কুমার পাল বলেন,২ কোটি ৮৮ লাখ টাকা ব্যায়ে কাজিপুর মাধ্যমিক বিদ্যালয়ের কার্যাদেশ পায় কুষ্টিয়ার আনোয়ার আলী নামের এক ঠিকাদারী প্রতিষ্ঠান। ঠিকাদারি প্রতিষ্ঠানের মালিক কুষ্টিয়া পৌর মেয়র আনোয়ার হোসেনের ছেলে তনু। নিম্নমানের বালি দিয়ে ঢালাই করা হয়েছে এমন সংবাদ পাওয়ার পর নির্মান কাজ বন্ধ করে দেয়া হয়েছে। নিম্ন মানের সামগ্রী ব্যবহার করার কারনে ঠিকাদারি প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেয়া হয়েছে কিনা জানতে চাইলে তিনি এ বিষয়টি এড়িয়ে যান।

কাজিপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাবিবা খাতুন দিপালি জানান,নিম্ন মানের বালি ও খোয়া ব্যবহার করার কারনে শিক্ষকদের উপস্থিতিতে এলাকাবাসি নির্মান কাজ বন্ধ করে দেয়। বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসকে জানানো হয়েছে কিনা জানতে চাইলে তিনি বলেন পরে জানানো হবে। কাজ দেখভাল করার জন্য কয়েকজন শিক্ষককে দায়িত্ব দেয়া হয়েছে।

কাজিপুর মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি মো: মজিরুল ইসলাম বলেন,নিম্ন মানের বালি ও খোয়া ব্যবহার করে কঠিন ভুল করেছে। বিষয়টি নিয়ে ম্যানিজিং কমিটি শিক্ষক ও স্থানীয়দের সাথে বসে আলোচনা করার পর পরবর্তী করনীয় ঠিক করা হবে।

কাজিপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক ও স্থানীয় ইউপি সদস্য মো: খবির উদ্দীন জানান,ঢালাইকাজ করার সময় কয়েক শিক্ষক সহ স্থানীয় লোকজন উপস্থিত ছিলেন। কিছু সময়ের জন্য শিক্ষকরা সরে গেলে নিম্ন মানের বালি ও খোয়া ব্যবহার শুরু করে। এ ঘটনায় বিক্ষুদ্ধ হয়ে এলাকবাসি কাজ বন্ধ করে দেয়। এসময় দায়িত্ব প্রাপ্ত উপ সহকারী প্রকৌশলী আব্দুল আলিম উপস্থিত ছিলেন না।

স্থানীয়দের দাবি, নির্মান কাজ দেখভালের দায়িত্বে থাকা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তারা ঠিকাদারের কাছ থেকে অনৈতিক সুবিধা নিয়ে ঢালাই চলাকালিন সময়ে উপস্থিত ছিলেন না। একারনে নিম্ন মানের সামগ্রী ব্যবহার করার সুযোগ পেয়েছে ঠিকাদারি প্রতিষ্ঠান। প্রতিবাদ করলেই ঠিকাদারী প্রতিষ্ঠানের লোকজন চাঁদা দাবি করা হয়েছে বলে পুলিশ দিয়ে হয়রানি করবে এই ভয়ে সকলেই মুখ বুঝে অনিয়ম সহ্য করে। ঠিকাদাররা যখন অনিয়ম করে সেই অনিয়নের প্রতিবাদ করলেই চাঁদা দাবির মিথ্যা অভিযোগ করা হয়। এটা ঠিকাদারদের স্বভাবে পরিনত হয়েছে।

কাজ তদারকির দায়িত্বে থাকা উপ-সহকারী প্রকৌশলী আব্দুল আলিমের মোবাইল বন্ধ থাকায় তার বক্তব্য জানা সম্ভব হয়নি।

কাজিপুর মাধ্যমিক বিদ্যালয়ের অফিস সহকারী আব্দুল গনী জানান, বাইরে থেকে খারাপ খোয়া এনেছে। এছাড়া মোটা বালি রেখে নিম্নমানের বালি দিয়ে ঢালাই করেছে। এজন্য গ্রামের লোকজন ও শিক্ষকরা কাজ বন্ধ করে দেয়।

ঠিকাদার তনু করোনা আক্রান্ত হয়ে ঢাকায় চিকিৎসাধীন থাকায় তার বক্তব্য জানা সম্ভব হয়নি। তবে নির্মান কাজ দেখভালের দায়িত্বে থাকা ম্যানেজার স্বরন জানান,শ্রমিকরা ভুল করে কিছু বালি ঢালাইয়ে ব্যবহার করেছে এটা ঠিক কিন্তু নির্মান কাজ শতভাগ ভালো হচ্ছে। নিম্নমানের বালি শ্রমিক না ঠিকাদার এনেছে জানতে চাইলে তিনি বলেন ঠিকাদার এনেছে।

নিম্নমানের বালি কেন এনেছে জানতে চাইলে বলে এগুলো দিয়ে পলেস্তারা করা হবে। মেহেরপুর শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত দায়িত্বে থাকা নির্বাহী প্রকৌশলী মো: জাহেদুল করীমের সরকারী ও তার ব্যক্তিগত মোবাইল ফোন বন্ধ থাকায় তার বক্তব্য জানা সম্ভব হয়নি।

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও অর্থ) মো. রাহেদ

হোসেন বলেন,নিম্নমানের সামগ্রী দিয়ে ঢালাই কাজ করে অন্যায় করেছে খোঁজ খবর নিয়ে ঠিকাদার ও দায়িত্ব প্রাপ্তদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

প্রধান প্রকৌশলী বুলবুল আখতার মোবাইল ফোন রিসিভি না করায় তার বক্তব্য জানা সম্ভব হয়নি।

মেহেরপুরের জেলা প্রশাসন ড.মোহাম্মদ মুনছুর আলম খান বলেন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের দেখভাল করার কথা তারা যদি অবহেলা করে অবশ্যই ব্যবস্থা নেয়া হবে। কোন ভাবেই নিম্নমানের সামগ্রী ব্যবহার করা যাবেনা। সরকারী বিধি মোতাবেক কাজ করতে হবে। কোন অজুহাত চলবেনা।

ভালুকায় বাস-প্রাইভেটকার সংঘর্ষে নিহত ৬

ময়মনসিংহের ভালুকা উপজেলায় যাত্রীবাহী বাস ও প্রাইভেটকারের সংঘর্ষে শিশুসহ ছয়জন নিহত হয়েছেন।

শনিবার সকাল পৌনে ৯টার দিকে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের উপজেলার ডিগ্রি কলেজগেট এলাকায় এ দুর্ঘটনা ঘটে। তাৎক্ষণিকভাবে নিহতদের পরিচয় জানা যায়নি।

ভালুকা মডেল থানার ওসি মোহাম্মদ মাইন উদ্দিন জানান, হালুয়াঘাট থেকে ঢাকা যাচ্ছিল ইমাম পরিবহনের দ্রুতগতির একটি বাস।

সকাল পৌনে ৯টার দিকে উপজেলার কলেজগেট এলাকায় ইউটার্ন নেয়ার সময় বাসটির সঙ্গে ময়মনসিংহগামী একটি প্রাইভেটকারের সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই প্রাইভেটকারের ছয়জনের মৃত্যু হয়। মৃতদের মধ্যে দুজন শিশু, দুজন নারী ও দুজন পুরুষ রয়েছেন।

নিহতদের মরদেহ উদ্ধার করে ময়মনসিংহ মেডিকেল কলেজ (মমেক) হাসপাতালে পাঠানোর প্রক্রিয়া চলছে। তাৎক্ষণিকভাবে হতাহতদের পরিচয় পাওয়া যায়নি।

মেহেরপুরে ২১ আগস্ট স্মরণে আওয়ামীলীগের আলোচনা ও দোয়া মাহফিল

মেহেরপুর জেলা আওয়ামী লীগের আয়োজনে বঙ্গবন্ধু এভিনিউয়ে ২০০৪ সালের ২১ আগস্ট ভয়াবহ গ্রেনেড হামলায় শহীদদের স্মরণে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।
শুক্রবার বিকালে জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল হালিমের সভাপতিত্বে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেনের বাসভবনে এ আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়। আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আবদুস সামাদ বাবলু বিশ্বাস।
এ সময় তিনি বলেন ১৯৭৫ সালের ১৫ ই আগস্ট যে বিদেশি চক্র জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে ভোররাতে হত্যা করেছিল তাদের সহযোগীরা তারেক জিয়া, হারিশ চৌধুরী, লুৎফুজ্জামান বাব,◌ু আব্দুস সালাম পিন্টু সহ অন্যান্য নেতৃবৃন্দ ও তৎকালীন প্রাইমমিনিস্টার বেগম খালেদা জিয়ার মতেই বিদেশ থেকে আনা গ্রেনেড দিয়ে বিদেশি ট্রেনিং প্রাপ্ত জেহাদিদের ভাড়াকরে হামলা চালানো হয়। সে দিনের আওয়ামী লীগের সভাপতি আজকের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে মূল টার্গেট করে হামলা চালানো হয়েছিলো। আল্লাহর রহমতে তিনি বেঁচে গেছেন। তিনি যখন বেঁচে আছেন, ১৫ আগস্ট হত্যাকাণ্ডের বিচার হয়েছে ২১ আগস্ট হত্যাকাণ্ডেরও বিচার হবে ।
আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের সদস্য ও জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান শামীম আরা হীরা, জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক মোখলেসুর রহমান খোকন প্রমুখ।